দৈনিক খবর

২৭

তারিখ ..03 JUN 1988
পৃষ্ঠা... .. ...3 কলাম 6.

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# 'চিকিৎসা শিক্ষা ঃ বিজ্ঞান ও ব্যবস্থাপনা' শীর্ষক কর্মশালা শুরু

চিকিৎসা শিক্ষার মানোন্নয়ন ও আধুনিকায়নের জন্য মেডিকেল কলেজসমূহে পরিবর্তিত পাঠক্রম অনুসরণ করা হবে। এই পাঠক্রম হবে সমাজের প্রয়োজন ও চাহিদার সাথে লাগসই। স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপ-প্রধানমন্ত্রী অধ্যাপক এম এ মতিন বৃহস্পতিবার মহাখালী নিপসম মিলনায়তনে সেন্টার ফর মেডিকেল এডুকেশান, ঢাকা (সিএমইডি) আয়োজিত "চিকিৎসা শিক্ষা ঃ বিজ্ঞান ও ব্যবস্থাপনা" শীর্ষক সাতদিনের এক কর্মশালার উদ্বোধনকালে একথা বলেন। দেশের বিভিন্ন মেডিকেল কলেজের সহযোগী অধ্যাপকবৃন্দ এই কর্মশালায় অংশগ্রহণকরছেন।

অধ্যাপক মতিন বলেন, মেডিকেল কলেজসমূহে নির্দিষ্ট সময়ে ভর্তি, সেশান শুরু ও পরীক্ষাগ্রহণ নিশ্চিত করতে হবে। তিনি বলেন, পাঠক্রম নির্দিষ্ট সময়ে সমাপন এবং স্বল্পতম সময়ে পরীক্ষার ফলাফল প্রকাশ সুষ্ঠু মেডিকেল শিক্ষা ব্যবস্থাপনার জন্য বিকল্পহীন।

উপ-প্রধানমন্ত্রী বলেন, সরকার স্বাস্থ্য খাতে ইতিবাচক পরিবর্তন আনতে প্রতিশ্রুতিবদ্ধ। এই লক্ষ্যে মেডিকেল কলেজসমূহে স্বায়ত্তশাসন প্রদানের ব্যবস্থা ইতিমধ্যেই গ্রহণ করা হয়েছে। তিনি বলেন, মেডিকেল কলেজে শিক্ষার সুষ্ঠু পরিবেশ, সুন্দর ছাত্র-শিক্ষক সম্পর্ক এবং বিজ্ঞানভিত্তিক, আধুনিক ও কার্যকর শিক্ষাদান পদ্ধতি উদ্ভাবনে দেশে-বিদেশে প্রশিক্ষণপ্রাপ্ত অভিজ্ঞ শিক্ষকদের মেধা কাজে লাগাতে হবে। তিনি বলেন, আগামী দু'বছরের মধ্যে অনুসরণযোগ্য সিএমইডি প্রস্তাবিত পাঠক্রমের বিভিন্ন দিক আরও খতিয়ে দেখতে হবে।

অনুষ্ঠানের বিশেষ অতিথি স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সচিব এস হাসান আহমদ বলেন, মেডিকেল শিক্ষায় নিরাময় ব্যবস্থার চেয়ে প্রতিরোধ ব্যবস্থায় অধিকতর গুরুত্ব প্রদান বাঞ্ছনীয়। তিনি বলেন, এই শিক্ষাকে সমাজের চাহিদা পূরণ ও অধিকতর জনগোষ্ঠীর কল্যাণে পুনর্বিন্যাসকরতেহবে।

স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক ডাঃ মুনাওয়ারা বিনত-এ রহমানের সভানেত্রীত্বে উদ্বোধণী অধিবেশনে বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রতিনিধি ডাঃ এ এন এ আবেসুন্দর ও সিএমইডি পরিচালক অধ্যাপক এম এ টি ছিদ্দিকও বক্তৃতা করেন।